

# ভূমিকম্প : জরুরি সভায় একগুচ্ছ সিদ্ধান্ত টাবি প্রশাসনের

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ফাইল ছবি

ভূমিকম্পের পর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উদ্ভূত পরিস্থিতি বিবেচনায় শনিবার (২২ নভেম্বর ২০২৫) উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

সভায় ভূমিকম্পের ক্ষয়ক্ষতি নিরীক্ষণ ও ভবনগুলোর ঝুঁকি মূল্যায়নের জন্য বুয়েটের বিশেষজ্ঞ দলের উপস্থিতিতে হাজী মুহম্মদ

মুহসীন হলসহ বিভিন্ন পুরাতন আবাসিক হল  
অবিলম্বে পরিদর্শনের সিদ্ধান্ত নেওয়া হয়।

আগামীকাল রবিবার সকাল থেকেই মুহসীন হল  
পরিদর্শন শুরু হবে এবং পর্যায়ক্রমে অন্যান্য  
হলও পরিদর্শন করা হবে। পরিদর্শন দলে হল  
প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক, ডাকসু ও হল  
সংসদের প্রতিনিধিরা যুক্ত থাকবেন।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, পরিদর্শন শেষে প্রাপ্ত  
কারিগরি মূল্যায়ন প্রতিবেদন সর্বসাধারণের  
জন্য উন্মুক্ত করা হবে। ভবনের ঝুঁকিপূর্ণ অংশ  
বা কক্ষ চিহ্নিত হলে শিক্ষার্থীদের নিরাপদ স্থানে  
সরিয়ে নেওয়ার ব্যবস্থা করা হবে।

বুয়েটের ২০০৮ ও ২০১৫ সালের ‘প্রকৌশল  
কারিগরি মূল্যায়ন প্রতিবেদন’ আলোচনায় তুলে  
ধরে সভায় বলা হয়—হাজী মুহম্মদ মুহসীন  
হলকে পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে—এমন  
প্রচার সম্পূর্ণ মিথ্যা ও গুজব।

এ ছাড়া ভূমিকম্পের ঘটনায় আহত শিক্ষার্থীদের  
দেখতে বিশ্ববিদ্যালয়ের সিনিয়র ম্যানেজমেন্ট  
টিম তাৎক্ষণিকভাবে হাসপাতালে যায় এবং

চিকিৎসার ব্যবস্থা করে বলে প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়।

এতে আরো জানানো হয়, বিশ্ববিদ্যালয়ের হল ও ভবনসমূহের মেরামত ও সংস্কারের জন্য প্রস্তাবিত ১৪৯ কোটি টাকার প্রকল্পের কাজ ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে শুরু হবে। পাশাপাশি অধিকতর উন্নয়ন প্রকল্পের অধীনে নতুন হল নির্মাণসহ বিভিন্ন অবকাঠামো উন্নয়ন কার্যক্রম ইতিমধ্যেই অগ্রসর হয়েছে।

অন্যদিকে, ভূমিকম্পে কিছু শিক্ষার্থী আহত হওয়া এবং শিক্ষক-শিক্ষার্থীদের আতঙ্কের কারণে আগামীকাল ২৩ নভেম্বর ২০২৫ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ সব ক্লাস ও পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে জারি করা জরুরি বিজ্ঞপ্তিতে জানানো হয়—স্থগিত পরীক্ষার নতুন সময়সূচি পরে জানানো হবে।

